আলমডাঙ্গায় ভেজাল গো খাদ্য বিক্রয়ে দোকান মালিককে জরিমানা

আলমডাঙ্গার হাউসপুর ভেজা পশু খাদ্য বিক্রয়ের অভিযোগে এক দোকান মালিককে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ রবিবার বিকেলে উপজেলার ডাউকি ইউনিয়নের হাউসপুর ব্রিজ সংলগ্নে উপজেলা সহকারী কমিশনার (ভুমি) রেজওয়ানা নাহিদ এ আদালত পরিচালনা করেন।

আদালত সূত্রে জানাগেছে, উপজেলা হাউসপুর ব্রিজ সংলগ্নে মুন্সী টেডার্স নামক একটি দোকানে ভেজাল গো খাদ্য বিক্রয়ের অভিযোগ ওঠে। এমন অভিযোগের ভিত্তিতে রবিবার বিকেলে উপজেলা সহকারী কমিশনার ভূমি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে। ওই দোকান মালিককে ৫ হাজার টাকা জরিমানা করেন। এছাড়াও ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় উপস্থিত ছিলেন উপজেলা প্রাণীসম্পদ অফিসের ডাঃ মুস্তাকিম মুকুট ও থানা পুলিশের একটি টিম।

উন্নয়ন অব্যাহত রাখতে শেখ হাসিনাকে ক্ষমতায় আনতে হবে

– নঈম জোয়ার্দ্দার

আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন যুবলীগের আয়োজনে এক জনসভা অনুষ্ঠিত হয়েছে। আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডসহ নানা উদ্যোগ জনগণের সামনে তুলে ধরতে আজ শুক্রবার বিকেলে জেহালা ফুটবল মাঠে এ জনসভার আয়োজন করা হয়।

জনসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার। প্রধান অতিথির বক্তব্যে

নঈম জোয়ার্দ্দার বলেন,বাংলাদেশ এখন বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল। বাংলাদেশ উন্নয়নের পথে এগিয়ে গিয়েছে। আজকে যদি আলমডাঙ্গার কথায় বলি,এই আলমডাঙ্গার রাস্তাঘাট কেমন ছিল? এখন প্রতিটি রাস্তার উন্নয়ন হয়েছে,ব্রীজ হয়েছে,আজকে পদ্মাসেতু দিয়ে যারা ঢাকায় যান,তারা দেখেছেন একটি নয়নাভিরাম সেতু, আল্প সময়েই ঢাকায় যাওয়া যায়। আজকে মেট্রো রেল,বঙ্গবন্ধু টানেল,সহ বড় প্রজেক্টের কাজ হচ্ছে,এ সব কে করেছে? তিনি আমাদের নেত্রী বাংলাদেশ সরকারের সফল রাস্ট্রনায়ক জননেত্রী শেখ হাসিনা। এজন্য বলতে হয়, উন্নয়নের সরকার,বারবার দরকার,জনগণের সরকার, বারবার দরকার।

দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে শেখ হাসিনার সরকার,বারবার দরকার। এজন্য শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় আনতে হবে।

তিনি বলেন,একটি দল প্রতিবারই সন্ত্রাস করে। যারা সামরিক শাসকের মাধ্যমে ক্ষমতায় এসেছিল। সেই দল অগ্নি সন্ত্রাস করে,মানুষ হত্যা করে মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করে ক্ষমতায় আসতে চাই। তারা জনগণের উপর আস্তা রাখেনা,আস্তা রাখে কার উপর, বিদেশী প্রভূদের উপর। বিদেশী প্রভূরা যখন বলে আন্দোলন যাও, তারা তখন আন্দোলনে যায়। আজকে যদি চুয়াডাঙ্গায় বিএনপি-জামায়াত অগ্নি সন্ত্রাস ও মানুষ হত্যার চেষ্টা করে তাহলে যুবলীগ তা প্রতিহত করবে।

জেহালা ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান মকলেছুর রহমান শিলনের সভাপতিত্বে জনসভায়
বিশেষ অতিথির বক্তব্য দেন জেলা যুবলীগের যুগ্নআহবায়ক সামসুজ্জোহা হাসু, জেলা যুবলীগের সদস্য সাজেদুল ইসলাম লাভলু, আজাদ আলী, হাফিজুর রহমান হাপু, আনোয়ার হোসেন, আলমডাঙ্গা উপজেলা যুবলীগের আহবায়ক সোনাহার মন্ডল, যুগ্নআহবায়ক তাফসির আহম্মেদ মল্লিক লাল, পৌর যুবলীগের আহবায়ক আসাদুল হক ডিটু, জেলা সেচ্ছাসেবক লীগের জয়েন্ট সেক্রেটারি খালিদ হোসেন, জেহালা ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক আনারুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আল ইমরান শুভ, ছাত্রলীগ নেতা সৈকত, মুন্সিগঞ্জ নিগার সিদ্দিক কলেজ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম প্রমূখ।
জন-সভায় সঞ্চালনা করেন জেহালা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক বকুল হোসেন।

আলমডাঙ্গার গড়গড়িতে বঙ্গবন্ধু স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

আলমডাঙ্গার মুন্সীগঞ্জ গড়গড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বঙ্গবন্ধু স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকেলে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

গড়গড়ী যুব সংঘের আয়োজনে বঙ্গবন্ধু স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় অঘোরনাথ একাদশ বনাম গোয়ালবাড়ী একাদশ অংশগ্রহণ করে। খেলায় নির্ধারিত সময়ে, কোন দল গোল না করতে পারায় টাইব্রেকারে গড়াই। টাইব্রেকারে ৫-৪গোলের ব্যবধানে গোয়ালবাড়ী একাদশ বিজয়ী হয়।

খেলায় জেহালা ইউনিয়ন আওয়ামী লীগেরর সভাপতি হাসানুজ্জামান হান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফাইনালের পুরস্কার বিতরণ করেন।

টুর্নামেন্টের জেহালা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আঃ: হান্নান মাষ্টারের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মঈন উদ্দিন, যুগ্ন সাধারণ সম্পাদক জাহান আলী, আবু তাহের, মোস্তফা, ইউনিয়ন মহিলা আওয়ামী লীগের সভানেত্রী সানজিদা মেম্বার ওযার্ড সেক্রেটারি হাসেম মাহমুদ মেম্বার, সভাপতি ছিদ্দিক আলী, সেক্রেটারি মিঠুন আলী, লিপন মেম্বার, জসিম মেম্বার, পারভেজ রিপন ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি রতন উজ্জ জামান প্রমুখ।

আলমডাঙ্গার পোলবাগুন্দায় স্ত্রীকে হত্যার দায়ে স্বামীর মৃত্যুদণ্ড

আলমডাঙ্গা উপজেলায় স্ত্রীকে হত্যা মামলার আসামী ফোন্টু মণ্ডল নামের এক ব্যক্তিকে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে তাকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়। আজ বৃহস্পতিবার দুপুরে জেলা ও দায়রা জজ আদালতের বিচারক জিয়া হায়দার আসামির উপস্থিতে এ রায় দেন। তিনি উপজেলা আইলহাঁস ইউনিয়নের পোলবাগুন্দা গ্রামের বাসিন্দা।

আলমডাঙ্গা থানার মামলার তদন্তকারী কর্মকর্তা উপ-পরিদর্শক (এসআই) আশিকুল হক চলতি বছরের ৩১ মে ওই হত্যার ঘটনায় চার্জশিট দাখিল করেন আদালতে। এরপর বিচারক নিহত ডালিয়ার ছেলেসহ ১৬ জনের স্বাক্ষ্যগ্রহণ শেষে এ রায় ঘোষণা করেন। ফোন্টু মণ্ডল আলমডাঙ্গা উপজেলার মৃত ইসলাম মন্ডলের ছেলে।
হত্যার ৬ মাসের মাথায় রায় ঘোষণা করায় রাষ্ট্রপক্ষ, মামলার বাদি ও স্থানীয়রা সন্তোষ প্রকাশ করেছেন। রায় ঘোষণার পর আসামিকে কোট কাস্টডিতে নেয়া হয়েছে।

এবিষয়ে সরকারী কৌঁসুলি (পিপি) অ্যাডভোকেট বেলাল হোসেন জানান, ২০২৩ সালের ১৫ মার্চ সন্ধ্যায় উপজেলার পোলবাগুন্দা গ্রামের ফোন্টু মণ্ডল তার স্ত্রী ডালিয়া খাতুনকে নিয়ে বাড়ি থেকে বের হন। ওই দিন রাতে ফন্টু বাড়ি ফিরে আসেন, কিন্তু তার স্ত্রী ডালিয়ার খোঁজ পাই না। পরিবারের সদস্যরা ডালিয়ার কথা জিজ্ঞাসা করলে তিনি নানান বাহানা করেন। পরদিন সকালে কোঁদাল নিয়ে ফোন্টুকে ফিরে আসতে দেখে লোকজনের সন্দেহ হয়। তার এলোমেলো কথা বলায় বাড়ির লোকজন ডালিয়াকে খুঁজতে বের হয়। একপর্যায়ে পোলবাগুন্দা মাঠের বিলের পাশে রক্ত ও চুল দেখে সন্দেহ হয় এলাকাবাসীর । পরে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা গাবতলা মাঠের মিলন আলীর সোলার সেচ পাম্পের পাইপের ভেতর থেকে ক্ষতবিক্ষত ডালিয়ার মরদেহ উদ্ধার করে। পালিয়ে যাবার চেষ্টা কালে স্থানীয়রা সরোজগঞ্জ বাজার থেকে ফোন্টুকে আটক করে পুলিশে দেয়। ওই দিন রাতেই নিহতের ছেলে জামিরুল ইসলাম বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মামলা করেন।

আলমডাঙ্গায় ইসলামী ব্যাংকে ঢুকে টাকা ছিনতাই, গ্রেপ্তার ১

দিবালোকে ইসলামী ব্যাংকে ঢুকে ১০ লাখ টাকা ছিনতাইয়ের ঘটনায় এক যুবককে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টায় আলমডাঙ্গা শহরের ইসলামী ব্যাংকের একটি শাখায় এমন ঘটনা ঘটে। ওই ঘটনায় ব্যাংকের ম্যানেজার (অপারেশন্স) মোমিনুল ইসলাম বাদি হয়ে থানায় মামলা করেছেন।

আটকৃত যুবক হলেন- দামুড়হুদা উপজেলার দর্শনা থানার দুধপাতিলা গ্রামের নুরু মিয়ার ছেলে উজ্জল (২৮)। তার বিরুদ্ধে বিভিন্ন থানায় তিন চুরি ও ১ মাদক মাদক মামলা রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে আলমডাঙ্গা পৌরশহরের আলতায়েবা মোড়ের, ইসলামী ব্যাংকের একটি শাখায় উজ্জল নামের এক যুবক প্রবেশ করে। সে সুযোগ বুঝে ক্যাশ ইনচার্জের কাউন্টারে প্রবেশ করে। ওই কাউন্টারের টেবিলে থাকা এক হাজার টাকার নোট (সম্বলিত) দশ বান্ডিল টাকা ছিনিয়ে নেবার চেষ্টা করে। এসময় ক্যাশ ইনচার্জ কায়সার আলম বাঁধা দিলে তাকে ধাক্কা মেরে পালিয়ে যাবার চেষ্টা করে। তিনি আঘাত প্রাপ্ত হয়ে চিৎকার দিলে ব্যাংকের অন্যান্য কর্মকর্তা ও উপস্থিত গ্রাহকেরা ছিনতাইকারীকে ধাওয়া করে। একপর্যায়ে ওই ছিনতাইকারীকে আটক করে গণধোলাই দেয় উপস্থিতিরা। পরে, থানা পুলিশ ব্যাংকে পৌছালে তাদের নিকট তুলে দেয় ব্যাংকের কর্মকর্তা।

ইসলামী ব্যাংকের ম্যানেজার আব্দুল ওয়াদুদ জানান, ছিনতাইকারীর নিকট থেকে দশ লাখ টাকা উদ্ধার করা হয়েছে। পরে, ওই টাকা ব্যাংকের ক্যাশ ইনচার্জ কায়সার আলমের কাছে বুঝিয়ে দেওয়া হয়েছে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, খবর পেয়ে দ্রুত সময়ে ব্যাংকে পুলিশ পাঠানো হয়েছে। ছিনতাইকারী ওই যুবককে আটক করে থানায় নিয়ে আসা হয়। বিকেলে ওই ব্যাংকের ম্যানেজার (অপারেশন্স) বাদি হয়ে মামলা করেছেন।

আলমডাঙ্গায় পূজা উদযাপন উপলক্ষে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময়

আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা পূজা উদযাপন কমিটির নেতাদের সঙ্গে থানার ওসির আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকেল ৫ টায় আলমডাঙ্গা থানা চত্বরে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সভায় আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে আইনশৃঙ্খলা ও নিরাপত্তা সংক্রান্ত আলোচনা হয়। সেইসঙ্গে পূজা উদযাপন কমিটির সকল নেতৃবৃন্দ ও সদস্যদের মতামত গ্রহণ করা হয়।

আলোচনা সভায় আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, নিরাপত্তা নিশ্চিতে ও নিজ নিজ ধর্ম সুষ্ঠুভাবে পালনে আইনশৃঙ্খলা রক্ষায় আলমডাঙ্গা থানাপুলিশ সবসময় সর্তক রয়েছে। পুলিশের পক্ষ থেকে প্রতিটি পূজামণ্ডপ এলাকায় সর্বোচ্চ আইনশৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হবে।

তিনি ৩ টি বিষয়ে গুরুত্ব সহকারে পালনের নির্দেশ দিয়ে বলেন, পূজা শুরু থেকে শেষ পর্যন্ত স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এছাড়াও প্রতিটি পূজা মণ্ডপে আলোকসজ্জা বৃদ্ধির পাশাপাশি সিসি ক্যামেরা আওতাভুক্ত আনার পরামর্শ দেন ওসি। তবে পূজা মণ্ডপের সন্নিকটে নিকট কোন দোকান কিংবা ফাস্টফুডের দোকান না বসানোর জন্য নির্দেশ দেন।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন,উপজেলা হিন্দু-বৌদ্ধ- খ্রীস্টান ঐক্য পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মনিন্দ্র নাথ দ্ত্ত, উপজেলা পূজা উতযাপন পরিষদের সভাপতি ডা: অমল কুমার বিশ্বাস, বাহ্মন পুরহিত ঐক্য পরিষদের সভাপতি দেবেন্দ্র নাথ দোবে বাবুলাল,উপজেলা পূজা উদযাপন পরিষদের সহ- সাধারণ সম্পাদক সুধাংশ কুমার ব্যানর্জী, পৌর পূজা উদযাপন কমিটির সভাপতি পরিমল কুমার ঘোষ,হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান ঐক্য পরিষদের পৌর সম্পাদক পলাশ

কুমার আচার্য্য,পূজা উদযাপন পরিষদের পৌর সাধারণ সম্পাদক জয় কুমার বিশ্বাস।

এ ছাড়াও উপস্থিত ছিলেন আশোক সাহা,লিপন বিশ্বাস,সুশিল কুমার ভৌতিকা,কৃষ্ণ বিশ্বাস,বিশ্বজিৎ সাধুখা, বিজয় কুমার দাস,শিপন কুমার দাসসহ ৩৯টি মন্দির কমিটির সভাপতি সম্পাদক বৃন্দ।

আলমডাঙ্গার বাঁশবাড়িয়াতে যুবতীর আত্নহনন

আলমডাঙ্গার বাঁশবাড়িয়ায় গলায় ফাঁস লাগিয়ে শিমলা খাতুন (১৯) নামের এক যুবতী আত্নহত্যা করেছে। আজ মঙ্গলবার সকাল ৬ টায় তার নিজ শোবার, বন্ধ ঘরের দরজা ভেঙে তার মরদেহ উদ্ধার করে পরিবার।

ঘটনাটি উপজেলা ভাঙবাড়িয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া গ্রামে ঘটেছে। নিহত যুবতী শিমলা খাতুন ওই গ্রামের দিনমজুর শুকুর আলীর মেয়ে।

স্থানীয়রা জানায়, গতকাল সোমবার সন্ধ্যায় সংসারের কাজকর্ম নিয়ে তার মা মিনা খাতুনের সাথে ঝগড়া হয় শিমলা খাতুনের। রাতে শিমলার পিতা শুকুর আলী বাড়িতে ফিরে মা-মেয়ে বিবেদ মিমাংসা করে দেয়। তবুও ক্ষোভ থামেনি শিমলার। মায়ের উপর অভিমান করে মঙ্গলবার দিবাগত রাতে সে গলায় ফাঁস লাগিয়ে আত্নহত্যা করে। এদিন সকালে শিমলার মা তাকে ঘুম থেকে ডাকতে থাকে। তার কোন সাড়া না পেয়ে ঘরের দরজা ভেঙে তার মেয়ের ঝুলন্ত মরদেহ দেখতে পায়। খবর পেয়ে আলমডাঙ্গা থানাপুলিশ ওই যুবতীর লাশের সুরতহাল সংগ্রহ করে পোষ্ট মর্টেমের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠাই।

এদিকে, ময়নাতদন্ত শেষে মঙ্গলবার সন্ধ্যায় যুবতী শিমলার লাশ পৌছাই বাড়িতে। মায়ের উপর অভিমানে আত্নহত্যার ঘটনায় তার মা বারবার মুর্ছা যায়। আজ রাতেই স্থানীয় কবরস্থানে জানাযা শেষে দাফন সম্পন্ন হয়।

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় গণ সমাবেশে দিলীপ কুমার আগরওয়ালা

চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় বিশাল গণ সমাবেশ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার বিকাল চারটায় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলা চত্বরে এই গণ সমাবেশ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় বিশেষ দোয়া এবং জামায়াত -বিএনপির নৈরাজ্য ও নির্বাচনের বানচালের দেশি-বিদেশি ষড়যন্ত্র রুখে দিতে এই বিশাল গণ সমাবেশ আয়োজন করা হয়। এসময় গণসমাবেশটি সভাপতিত্ব করেন ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগের সাবেক সভাপতি কাওসার হোসেন বাবলু।

সমাবেশের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোওয়াত ও গীতা থেকে পাঠ করে সমাবেশটি শুরু হয়।

এরপর গণ সমাবেশের প্রধান অতিথি বাংলাদেশ আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য ও ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা বলেন, আজকের জনসমাবেশের মধ্যে দিয়ে বিএনপি জামায়াত যে আগামী নির্বাচনের চক্রান্ত বানচাল করতে হবে। এটাই আমাদের অঙ্গিকার। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত আবার শক্তিশালও করবো। তাই সবাইকে নৌকায় আবার ভোট দিয়ে জয়যুক্ত করতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচন তাই সকলকে প্রস্তত করতে হবে। বিএনপি জামায়াতকে প্রতিহত করতে হবে। সবাই সবার জায়গা থেকে কাজ করতে হবে রাজপথে। বিএনপি এ দেশের মানুষের জন্য উন্নয়ন করতে পারবে না। আমরা কেউ ঘরে বসে থাকবো না। কঠোর তৎপর ও শক্তি দিয়ে বিএনপির নৈরাজ্যকে দমন করবো। নৌকা প্রতিককে শ্রদ্ধা করতে হবে। নৌকা যার আমি তার। জননেত্রী শেখ হাসিনা যে ভাবে উন্নয়ন করে যাচ্ছেন। এই উন্নয়ন ধারা করে যাবেন তিনি। এই জন্য সবাইকে ঐক্যবোধ্য হয়ে ভোট দিতে হবে নৌকা মার্কায়। চুয়াডাঙ্গা জেলা স্মার্ট করতে হলে বাংলাদেশ আওয়ামী লীগকে জয়যুক্ত করতে হবে।

তিনি আরো বলেন ইউরোপীয় ও আমেরিকার যে প্রতিনিধি দল দেশ এসেছে, তারা সুষ্ঠু এবং অবাধ নির্বাচনের কথা বলেছেন। আমরাও সুষ্ঠু-অবাধ

ও নিরপেক্ষ নির্বাচন চাই। বিএনপি বলছে, তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন হতে হবে এবং এই সরকারের অধীনে কোনো নির্বাচন হবে না। তারা যাদেরকে নালিশ করে ডেকে নিয়ে এসেছে তারাও সুষ্ঠু ও অবাধ নির্বাচনের কথাই বলেছে। তাদের কেউ অংশগ্রহণমূলক নির্বাচনের কথা বলে নাই। এমনকি তত্ত্বাবধায়ক সরকারেরও কথা বলেনি

সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা নেই। দেশের প্রত্যেক নাগরিককে সংবিধান মানতে হবে। আমাদেরও সাফ কথা, সংবিধানের বাইরে আমরা এক চুলও নড়ব না। এই সরকারের অধীনে নির্বাচন হতে হবে। আওয়ামী লীগ মাঠে ঘাটে থাকা দল। রাজপথে নৈরাজ্য করলে এবার থেকে আর প্রতিবাদ নয়, প্রতিরোধ করা হবে।

এসময় সভায় উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, কালিদাস পুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মঈনউদ্দীন পারভেজ, পদ্মবিলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আবু তাহের বিশ্বাস, চিৎলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জিল্লুর রহমান, চুয়াডাঙ্গা কৃষকলীগের সভাপতি গোলাম ফারুক জোয়ার্দ্দার, কুতুবপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শাখাওয়াত হোসেন টাইগার, ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপু, প্রমুখ।

গণসমাবেশের শেষ পর্বে সন্ত্রাসীদের হাতে নিহত আলমডাঙ্গা স্বেচ্ছাসেবক লীগের নেতা ইমরানের পরিবারের মাঝে এক লাখ টাকা তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি দিলীপ কুমার আগরওয়ালা। এ সময় তিনি কর্মীদের মুল্যায়ন করার জন্য সকল নেতাদের আহবান জানান।

আলমডাঙ্গায় গ্রাম্য চিকিৎসক হত্যা মামলার মূল রহস্য উদঘাটন;গ্রেফতার-২

চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় পূর্বশত্রুতার জের ধরে গ্রাম্য চিকিৎসক তৌহিদুল ইসলামকে হত্যা মামলার মূলরহস্য উদঘাটন সহ ২ জনকে

গ্রেফতার করা হয়েছে এবং আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করা হয়েছে।

আলমডাঙ্গা থানাধীন ডম্বলপুর-মাধবপুরে সংযোগ ব্রিজের উত্তর-পূর্ব পিলারের সাথে সাদা গেঞ্জি দিয়ে মুখ বাঁধা, গলায় লাল রঙের গামছা পেঁচানো, গলায় রশি দিয়ে বাঁধা অবস্থায় কুমার নদীতে অর্ধডুবন্ত অবস্থায় লাশের সংবাদ পেয়ে শুক্রবার সকাল সাড়ে নয়টার সময় গ্রাম্য চিকিৎসক চুয়াডাঙ্গা আলমডাঙ্গা থানার ডম্বলপুর গ্রামের মোঃ মকবুল হোসেনর ছেলে তৌহিদুল ইসলাম(৪২) কে মৃত অবস্থায় লাশ উদ্ধার করে আলমডাঙ্গা থানা পুলিশ।

এ সংক্রান্তে আলমডাঙ্গা থানায় ভিকটিমের স্ত্রী মোছাঃ বিউটি খাতুন বাদী হয়ে আসামী ১) মোঃ জীবন হোসেন(২২), পিতা-মোঃ সানোয়ার হোসেন, ২) মোঃ সানোয়ার হোসেন(৫০), পিতা-মৃত খেলাফত মন্ডল, সাং-মাধবপুর, থানা-আলমডাঙ্গা, জেলা-চুয়াডাঙ্গাসহ অজ্ঞাতনামা ৬/৭জন আসামীর বিরুদ্ধে রবিবার আলমডাঙ্গা থানার মামলার নং-০৩ ধারা-৩০২/২০১/১১৪/৩৪ পেনাল কোড দায়ের করেন।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের নির্দেশনায় অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম)-এর তত্ত্বাবধানে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ আনিসুজ্জামান -এর নেতৃত্বে আসামী গ্রেফতার ও হত্যা মামলার মূলরহস্য উদঘাটনের জন্য ডিবি ও আলমডাঙ্গা থানা পুলিশের একাধিক টিম তাৎক্ষণিকভাবে মাঠে নামে। তথ্য প্রযুক্তির সহায়তায় মামলা রুজুর ০৩ ঘন্টার মধ্যে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থানার বিভিন্ন জায়গায় অভিযান পরিচালনা করে রবিবার দুপুর দেড়টার বৃহস্পতিবার মধ্যরাতে শুক্রবারের প্রথম প্রহরে এজাহারনামীয় আসামীদ্বয়কে গ্রেফতার করা হয়। নিবিড় জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃত আসামীদ্বয় হত্যার সাথে সরাসরি জড়িত বলে স্বীকার করে।

আসামীদ্বয়কে জিজ্ঞাসাবাদে জানা যায়, ভিকটিম তৌহিদুল ইসলামের কন্যা তামান্না খাতুনের সাথে ১নং আসামী জীবনের গত দুই মাস পূর্বে পরিবারের অসম্মতিতে পালিয়ে বিবাহ হয়। এ সংক্রান্তে ভিকটিম আসামীদ্বয়ের বিরুদ্ধে একটি অপহরণ মামলা দায়ের করে। বিবাহের পর থেকে ভিকটিমের মেয়েকে আসামীরা বিভিন্ন বিষয়াদি নিয়ে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করে। ভিকটিমের মেয়ে নির্যাতন সহ্য করতে না পেরে আসামীর বাড়িতে বিষ পান করে। বর্ণিত বিষয়ে ভিকটিম ও আসামীদের সাথে ঝগড়া-বিবাদ হয়। ১নং আসামী জীবন ও ২নং আসামী সানোয়ারকে

ভিকটিম ও তার পরিবার অপমান-অপদস্থ করে। অপমানের প্রতিশোধ নিতে মরিয়া হয়ে ওঠে আসামীদ্বয়। আসামীদ্বয়ের (পিতা ও পুত্র) পরিকল্পনা অনুযায়ী ভিকটিমকে কৌশলে মাধবপুর এলাকায় ডেকে নিয়ে যায়। ডম্বলপুর-মাধবপুর সংযোগ ব্রিজের নিকট পৌঁছালে ২নং আসামী সানোয়ার গতিরোধ করে এবং ১নং আসামী পিছন থেকে গলায় গামছা ও মুখের ভিতরে সাদা গেঞ্জি ঢুকায়ে শ্বাসরোধ করে। শ্বাসরোধ করে হত্যা নিশ্চিত করে ঘটনা অন্যদিকে প্রবাহিত করার জন্য ভিকটিমের গলায় রশি দিয়ে ব্রিজের রেলিংয়ের সাথে ঝুলিয়ে দেয়। আসামীদ্বয়কে আদালতে সোপর্দ করা হয়। ১নং আসামী স্বেচ্ছায় দোষ স্বীকার করে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের নিকট স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করে।

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ট্যাপেন্টাডল ও মদসহ আটক ৪

আলমডাঙ্গা থানাপুলিশের পৃথক অভিযানে চোলাই মদ ও ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ ৪ জনকে আটক করেছে পুলিশ। আজ রবিবার দিবাগত রাতে থানাপুলিশ অভিযান চালিয়ে কামালপুর ও পারকেষ্টপুর গ্রাম থেকে এসব মাদকদ্রব্য উদ্ধার করে।

আটকৃতরা হলেন- পৌর এলাকার বাবুপাড়ার মৃত ইফতেখারুল কাওনাইনের ছেলে সুষম কাওনাইন (৩৬)। এছাড়াও যশোর কোতয়ালী থানার খোলাডাঙ্গা ধর্মতলা এলাকার দুধ কুমার বিশ্বাসের ছেলে বিপুল কুমার দাস (২৮), চুয়াডাঙ্গার মুক্তিপাড়ার সুবল সর্দারের ছেলে শুভ্রদেব (২৫), আলমডাঙ্গা উপজেলার আলিহাট নগরের মহির উদ্দিনের ছেলে ফরিদ হোসেন (৩২)। পৃথক অভিযানে ৩শ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও ২৫ লিটার চোলাই বাংলা মদ উদ্ধার করে পুলিশ।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার কামালপুর গ্রামে মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রি হচ্ছে। এমন গোপন সংবাদ পায় পুলিশ। তথ্যের ভিত্তিতে আলমডাঙ্গা থানাপুলিশ মাদক বিরোধী অভিযান চালায়।

এসময় কামালপুর গ্রাম থেকে সুষম কাওনাইনকে আটক করে। তার শরীর তল্লাশী করে ৩শত পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।

এদিকে, শনিবার মধ্য রাত ১১ টার দিকে মুন্সিগঞ্জের পারকেষ্টপুর হতে আলমডাঙ্গায় চোলাই মদ পরিবহনের গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায় পাঁচকমলাপুর ফাঁড়ি পুলিশ। এসময় পারকেষ্টপুর ব্রিজ নিকট পুলিশ চেকপোস্ট বসায়। দ্রুত গতির এ্যাপাসি আরটিআর মোটরসাইকেল গতিরোধ করে। তাদের নিকটে থাকা ২৫ লিটার চোলাই মদ ও একটি ব্যবহৃত মোটরসাইকেল জব্দ করে।